

‘যেবতী কন্যার মন’ নাটকের ৪৮তম প্রদর্শনী

পরীর চরিত্রে সুবর্ণার বদলে শমী

নিজস্ব প্রতিবেদক

বেশ কিছুকাল বন্ধ থাকার পর ৪৮তম প্রদর্শনীতে এসে ‘যেবতী কন্যার মন’ নাটকে কয়েকটি পরিবর্তন এসেছে। সুবর্ণা মুস্তাফা অভিনীত পরী চরিত্রটিতে শমী কায়সারের যোগদান এসব পরিবর্তনের মধ্যে একটি। গায়েন আলাল চরিত্রটিতেও পরিবর্তন আনা হয়েছে। এবারের প্রদর্শনীতে চরিত্রটি রূপ দিয়েছেন চন্দন চৌধুরী। নির্দেশনা রীতিতে সামান্য রদবদল ঘটেছে। তবে নির্দেশক নাসিরউদ্দিন ইউসুফের মতে, এগুলোর কোনোটিই তেমন উল্লেখযোগ্য কিছু নয়।

গতকাল শুক্রবার ‘যেবতী কন্যার মন’ মঞ্চায়নের আগে নাসিরউদ্দিন ইউসুফ গাইড হাউসের ছাদ দেখিয়ে বলেন, যতদিন পর্যন্ত সংস্কার না করা হবে ততদিন পর্যন্ত ঢাকা থিয়েটার গাইড হাউসে আর কোনো নাটকের প্রদর্শনী করবে না।

আকাশ সংস্কৃতির কথা মানলেও নাসিরউদ্দিন ইউসুফ মনে করেন নাটকের দর্শক কমে যাওয়ার প্রধান কারণ সন্ত্রাসের সামাজিকায়ন। নাটক দেখে রাতবিরেতে ঘরে ফেরা আজকাল ভয়ের ব্যাপার হয়ে গেছে। তবে তার মতে, সব কিছুর পরেও মঞ্চে নতুন কিছু হলে দর্শক আসবেই। তার বক্তব্যের সমর্থন পাওয়া গেল ‘যেবতী কন্যার মন’ নাটকটির ৪৮তম মঞ্চায়নের দিনেও। গতকাল নাটকটির সব টিকিট বিক্রি হয়ে যাওয়ায় দর্শকের চাপে বাড়তি কিছু চেয়ারও জুড়ে দিতে হলো।

‘যেবতী কন্যার মন’ নাটকটির প্রথম মঞ্চায়ন হয়েছিল ১৯৯৩ সালের ১০ নভেম্বর মহিলা সমিতি মিলনায়তনে। এটি ঢাকা থিয়েটারের ২৪তম এবং কথানাট্য নামে নাট্যকার সেলিম আল দীন উদ্ভূত বিশেষ নাট্যরীতির দ্বিতীয় নাটক।

‘যেবতী কন্যার মন’ নাটকটিতে ঢাকা থিয়েটারের আরো সব নাটকের মতোই শিমুল ইউসুফ সঙ্গীত নির্দেশনার দায়িত্ব পালন করেন। পোশাকের সঙ্গে মঞ্চ পরিকল্পনার কাজ করেন রাশেদুল হুদা এবং শহীদুজ্জামান সেলিম আলোক পরিকল্পনা করেন। দুই পর্বে বিভক্ত এ নাটকে শিমুল ইউসুফ, শহীদুজ্জামান সেলিম, ফারুক আহমেদ, শমী কায়সার, কৌশিক সাহা, রোজী সিদ্দিকী, চন্দন চৌধুরী প্রমুখ অভিনয় করেন। মিলুর চিকিৎসার্থে সঙ্গীতানুষ্ঠান

শিল্পী খালিদ হাসান মিলুর সাহায্যার্থে গতকাল জাতীয় জাদুঘর মিলনায়তনে এক সঙ্গীতানুষ্ঠানে দেশের খ্যাতনামা সব শিল্পী সঙ্গীত পরিবেশন করেন। এ অনুষ্ঠানে জাদুঘর জুয়েল আইচ জাদু দেখান। শিল্পী মিলু বর্তমানে ব্যাংককে চিকিৎসাধীন রয়েছেন।

রবীন্দ্র-নজরুল জয়ন্তী এবং আজকের অনুষ্ঠান

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১০২তম জন্মজয়ন্তী উপলক্ষে আজ নজরুল ইনস্টিটিউটে দুদিনব্যাপী অনুষ্ঠানমালা শুরু হচ্ছে। আজ সকাল ১০টায় ইনস্টিটিউট মিলনায়তনে কবির নাটনী খিলখিল কাজী দুদিনের এ অনুষ্ঠান উদ্বোধন করবেন। পরে নজরুল চর্চা ও সঙ্গীতে বিশেষ ভূমিকা রাখার কারণে অধ্যাপক আবদুল মান্নান সৈয়দ ও শিল্পী খালিদ হোসাইনকে নজরুল পদক দেওয়া হবে। আবৃত্তি সমন্বয় পরিষদ আজ একসঙ্গে রবীন্দ্র-নজরুল জন্মজয়ন্তী উদযাপন করছে। এ উপলক্ষে সন্ধ্যা ৭টায় পাবলিক লাইব্রেরি মিলনায়তনে দেশের খ্যাতনামা আবৃত্তিশিল্পীরা এ দুজন কবির কবিতা আবৃত্তি করবেন।

আজকের আরো অনুষ্ঠান

আজ সন্ধ্যা ৭টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাটমণ্ডপে নৃত্যঞ্চল দর্শনীর বিনিময়ে নৃত্যানুষ্ঠান আয়োজন করেছে। জাতীয় জাদুঘরে সকাল ১১টায় আহমদ হাসান দানী ‘একুশ শতকে জাদুঘর’ শীর্ষক বক্তৃতা করবেন।